দৈনিক জনকণ্ঠ

৬/২০/২০০৫

পৃষ্ঠা ১২ কলাম ৪

# ঢাবির ৯ হল ছাত্রদল ক্যাডাররা দখল করে নিয়েছে–জোটের বিজয় নিশ্চিত হবার আগেই

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ অষ্টম জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি-জামায়াতসহ চারদলীয় জোটের বিজয় নিশ্চিত হওয়ার আগেই সোমবার সন্ধ্যার পর ছাত্রদল ক্যাডাররা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১১টি আবাসিক ছাত্রহলের মধ্যে জগন্নাথ ও জহুরুল হক হল ছাড়া বাকি ৯টি হল মৃদু প্রতিরোধের মধ্যে দখল করে নিয়েছে। ছাত্রলীগ ক্যাডারদের ওপর হামলা না করে তাদের বের করে দিয়েছে ছাত্রদল ক্যাডাররা। প্রতিটি হলে হল অফিসসহ যেসব কক্ষে বঙ্গবন্ধু ও শেখ হাসিনার ছবি ছিল সে সব ভেঙ্গেচুরে ফেলে দিয়েছে। জহুরুল হক হল দখলের জন্য তারা পলাশীর মোড়ে দুই রাউন্ড গুলি করে ফিরে গেছে। জগন্নাথ হলে ছাত্রলীগের চারকর্মীকে মারধর করে বের করে দিয়েছে। নির্বাচনী ফলাফলে গোটা বিশ্ববিদ্যালয় এলাকা স্তম্ভিত, হতবাক। অনেককে বলতে শোনা গেছে 'ভোট দিলাম কোথায় আর জয়ী হলো কারা।' সবার প্রশ্ন একটাই-নির্বাচনে কি পুকুর চুরি হয়েছে, নাকি সিঁদেল চুরি হয়েছে। কিভাবে এটি সম্ভব করা হয়েছে সে প্রশ্নও অনেকে ছুড়ে দিয়েছেন।

সোমবার রাত সাড়ে ১০টায় ছাত্রদল ক্যাডাররা প্রথম দখলে নেয় বঙ্গবন্ধু হল। এর পর রাতের মধ্যেই একের পর এক জিয়া হল, সূর্যসেন হল, মুহসীন হল, এফ রহমান, এসএম হল, জহুরুল হক হল, শহীদুল্লাহ হল, এফএইচ হল দখলে নিয়েছে। ছাত্রলীগ ক্যাডার মনির এবং আলীম মুহসীন হল থেকে সোমবারই ছাত্রদলকে হলে স্বাগত জানিয়ে মিছিল-সমাবেশ করেছে। মঙ্গলবার ছাত্রদলের ক্যার্ডাররা দিনভর বিভিন্ন হল ঘুরে বেড়িয়েছি। পুরো ক্যাম্পাস এলাকায় থমথমে অবস্থা বিরাজ করছে।

## জাবির পাঁচটি হলই ছাত্রদলের দখলে ॥ বঙ্গবন্ধুর ছবি ভাংচুর

**জাবি সংবাদদাতা** ॥ অষ্টম জাতীয় সংসদ নির্বাচনের বেসরকারী ফল ঘোষণার আগেই জাতীয়তাবাদী ছাত্রদল মঙ্গলবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাস দখল করে নিয়েছে। বিএনপি নেতৃত্বাধীন চারদলীয় জোট সংসদ নির্বাচনে সংখ্যাগরিষ্ঠ আসনে এগিয়ে থাকায় ছাত্রদল ক্যাম্পাসে জঙ্গী বিজয় মিছিল করে বিশ্ববিদ্যালয়ের পাঁচটি হলে অবস্থান নেয়। ছাত্রদল এ সময় কয়েক রাউন্ড ফাঁকা গুলিবর্ষণ করে। হলের অতিথি কক্ষে রক্ষিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি ভাংচুর করে। বিজয় দিবস, স্বাধীনতা দিবস ও শোক দিবস উপলক্ষে ছাত্রলীগের প্রকাশিত বিভিন্ন দেয়ালিকা ছিঁড়ে ফেলে। তবে ফল প্রকাশের পর থেকেই ছাত্রলীগ কর্মীরা ক্যাম্পাস ছেড়ে চলে যাওয়ায় কোন রকম সংঘর্ষ হয়নি।